

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ: ২৭ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ/১০ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ১১/মূসক/২০১৬—যেহেতু, রূপকল্প-২০২১ বাস্তবায়নের অন্যতম পদক্ষেপ হিসেবে আগামী-২০২১ সালের মধ্যে মোট উৎপাদিত বিদ্যুতের শতকরা ১০ ভাগ পারমাণবিক উৎস হইতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হইয়াছে এবং সেই উদ্দেশ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পটি সরকারের Fast Track তালিকাভুক্ত একটি গুরুত্বপূর্ণ প্রকল্প; এবং

যেহেতু, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ সংক্রান্ত আন্তর্জাতিক সমঝোতা চুক্তির Article-5 অনুসারে উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানীয়ভাবে সংগৃহীত পণ্য/সেবার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধের দায়বদ্ধতা রহিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, স্থানীয় পর্যায়ে সংগৃহীত নিম্নে বিধৃত টেবিল এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর (মূসক) হইতে অব্যাহতি প্রদান করিল, যথা—

টেবিল:

শিরোনাম সংখ্যা	সেবার কোড	সেবার নাম	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)
S০০৫	S০০৫.২০	বন্দর	১০০%
S০১৫	S০১৫.১০	ফ্রাইট ফরোয়ার্ডার্স	১০০%

(৭৬৮৯)

মূল্য : টাকা ৪.০০

(১)	(২)	(৩)	(৪)
	So১৫.২০	ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং সংস্থা	১০০%
So২৭	So২৭.০০	বীমা কোম্পানী	১০০%
So৩৭	So৩৭.০০	যোগানদার (শুধুমাত্র রূপপুর পারমাণবিক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উক্ত প্রকল্পের মনোনীত Contractor এবং Sub-Contractor কর্তৃক স্থানীয়ভাবে পণ্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে)	১০০%
So৫৬	So৫৬.০০	ব্যাংকিং সেবা প্রদানকারী (শুধুমাত্র রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ও রাশিয়ান ফেডারেশনের মধ্যে স্বাক্ষরিত চুক্তির শর্ত অনুসারে Credit Financing Scheme এর আওতায় সোনালী ব্যাংকের মাধ্যমে L/C প্রতিষ্ঠার ক্ষেত্রে)	১০০%

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd